

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
আইন শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

বিষয়ঃ সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি : সত্যেন্দ্র কুমার সরকার, অতিরিক্ত সচিব (প্রশাসন), পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
সভার তারিখ : ২৮/১১/২০২১ খ্রি:
সময় : বেলা ৩.০০ টা
স্থান : মন্ত্রণালয়ের সভাকক্ষ

সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা (পরিশিষ্ট-ক)

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি বলেন, সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি ত্রৈমাসিক ভিত্তিতে সিদ্ধান্ত গ্রহণ ও বাস্তবায়ন করবে। ত্রৈমাসিক ভিত্তিতে সিদ্ধান্ত বাস্তবায়নপূর্বক বাস্তবায়ন প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করতে হবে। ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদপূর্বক হালনাগাদকৃত সেবা প্রদান প্রতিশ্রুতি ওয়েবসাইটে আপলোড, প্রদর্শন ও উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করতে হবে। কর্মকর্তা কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির জন্য ১টি করে মোট ৪টি প্রশিক্ষণ আয়োজন করতে হবে। সেবা প্রদান সংক্রান্ত আইন-কানুন, বিধি-বিধান, চাকুরি বিধি এবং সেবা প্রদান প্রতিশ্রুতি প্রণয়ন ও বাস্তবায়ন বিষয়ে প্রশিক্ষণ আয়োজন করতে হবে। অংশীজ্বনের অংশগ্রহণে ২টি সভা আয়োজন করতে হবে।

২। সভাপতির অনুমতিক্রমে আইন শাখার উপসচিব জনাব মো: আলাউদ্দিন চৌধুরী জানান যে, গত ২৮/০৯/২০২১ তারিখে সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির প্রথম ত্রৈমাসিক সভা অনুষ্ঠিত হয়। এ সভার সিদ্ধান্ত মোতাবেক কর্মকর্তা কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির জন্য গত ৩০/৯/২০২১ তারিখে প্রশিক্ষণের আয়োজন করা হয়েছে। মন্ত্রণালয়ের বিভিন্ন শাখার সেবা প্রদান পদ্ধতি ও সংশ্লিষ্ট কর্মকর্তাদের তথ্যাদি যাচাইপূর্বক মন্ত্রণালয়ের ওয়েবসাইটে হালনাগাদ করা হয়েছে। তিনি আরো জানান, মন্ত্রিপরিষদ বিভাগ হতে গত ২৬/০৯/২০২১ তারিখের ০৪.০০.০০০০.৮১১.৫৫.০০৩.১৮.১৭৯ নং স্মারকের একটি পত্র পাওয়া যায়। এ পত্রের প্রেক্ষিতে সেবা প্রদান প্রতিশ্রুতি কার্যক্রম বাস্তবায়নপূর্বক অগ্রগতি প্রতিবেদন প্রেরণের জন্য এ মন্ত্রণালয়ের আওতাধীন সংস্থায় গত ৩০/০৯/২০২১ তারিখে পত্র দেওয়া হয়। পরবর্তীতে ০১/১১/২০২১ তারিখে তাগিদ দেওয়া হয়। তৎপ্রেক্ষিতে পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ; পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড এবং খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ হতে অগ্রগতি প্রতিবেদন পাওয়া গেছে।

৩। বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

৩.১ মন্ত্রণালয়ের বিভিন্ন শাখার সেবা প্রদান পদ্ধতি ও সংশ্লিষ্ট কর্মকর্তার তথ্যাদি যাচাইপূর্বক মন্ত্রণালয়ের ওয়েবসাইটে নিয়মিত হালনাগাদ এবং সেবা প্রদান প্রতিশ্রুতি ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদ করতে হবে। বাস্তবায়নেঃ সহকারী প্রোগ্রামার জনাব ওয়াহিদ পলাশ।

অ:প্:দ্র:

- ৩.২ আগামী ৩১/১২/২১ খ্রি: তারিখের মধ্যে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক প্রশিক্ষণ আয়োজন করতে হবে। বাস্তবায়নেঃ প্রশাসন-১ শাখা।
- ৩.৩ আগামী ৩১/১২/২১ খ্রি: তারিখের মধ্যে সেবা প্রদান বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন করতে হবে। বাস্তবায়নেঃ বাজেট/প্রশাসন-২ শাখা।

৪। আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
২৯/১১/২০২১
(সত্যেন্দ্র কুমার সরকার)
সভাপতি
সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি
ও
অতিরিক্ত সচিব (প্রশাসন)

নং-২৯.০০.০০০০.২১৬.০৫.০৪১.২১ - ৪৭৫

তারিখ: ১৪ অগ্রহায়ণ ১৪২৮ বঙ্গাব্দ
২৯ নভেম্বর ২০২১ খ্রিষ্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। অতিরিক্ত সচিব (প্রশাসন), পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। যুগ্মসচিব(প্রশাসন), পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। উপসচিব (প্রশাসন-১/বাজেট/প্রশাসন-২/আইন), পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। সচিব এর একান্ত সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৫। সহকারী প্রোগ্রামার, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

আলাউদ্দিন
২৯/১১/২১
(মো: আলাউদ্দিন চৌধুরী)
উপসচিব
ফোন: ৯৫১৪৪৮১